রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৪ সনের ১৫ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১০, ২০১৪

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৯৩—১৯৯ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ২৫ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৪৪৫—৪৫৯ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) .....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) .....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) ..... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬১৭—৬৪৪ | (৬) .......................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**পরিচালনা পর্ষদ সমন্বয় অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ ডিসেম্বর ২০১৩

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০০৪.২০০৮-৬৩৪**—জনতা ব্যাংক লিমিটেড এর Memorandum and Articles of Association এর বিধান অনুযায়ী জনাব মোঃ ইমদাদুল হক, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-কে জনতা ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে ২০-১২-২০১৩ তারিখ হতে ৩ (তিন) বছরের জন্য পুনঃনিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপ-সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ২৯ ডিসেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-৩২/২০১৩-১৮৫৯**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব অপূর্ব চক্রবর্তী, পিতা অবনী মোহন চক্রবর্তী, মাতা প্রভাতী চক্রবর্তী, ২২৫/সি, কেওয়াপাড়া, মীরের ময়দান, জেলা সিলেট এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিলেট জেলার সিটি কর্পোরেশনের ৭ ও ২৩ নং ওয়ার্ডের জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৩২/২০১৩-১৮৬০**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব অজুর্ন কুমার চক্রবর্তী, পিতা মৃত অনিল কুমার চক্রবর্তী, মাতা মৃত বকুল চক্রবর্তী, পড়শী-২২৫/সি, আবাসিক এলাকা, কেওয়াপাড়া, ডাকঘর সিলেট, থানা সিলেট, জেলা সিলেট এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিলেট জেলার সিটি কর্পোরেশনের ৩, ৬ ও ৪ নং ওয়ার্ডের জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৩২/২০১৩-১৮৬১**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব যোগেশ্বর চক্রবর্তী, পিতা যোগনার্থ চক্রবর্তী, মাতা নিহার রানী চক্রবর্তী, সুরমা-২, কালিবাড়ী রোড, হাওলাদার পাড়া, আখালিয়া, জেলা সিলেট এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিলেট জেলার সিটি কর্পোরেশনের ১ ও ২ নং ওয়ার্ডের জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৩১/২০১৩-১৮৬২**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব পঙ্কজ কুমার দেব, পিতা স্বর্গীয় নলিনী কুমার দেব, মাতা স্বর্গীয় নন্দ রানী দেব, গ্রাম উত্তর ঘড়গাঁও, ডাকঘর ঘড়গাঁও, উপজেলা রাজনগর, জেলা মৌলভীবাজার এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলার রাজনগর পৌরসভার এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৩১/২০১৩-১৮৬৩**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব প্রাণেশ রঞ্জন সেন, পিতা মৃত পুর্ণেন্দু শেখর সেন, গ্রাম জালালিয়া, ডাকঘর কমলগঞ্জ, উপজেলা কমলগঞ্জ, জেলা মৌলভীবাজার এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলার এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৩২/২০১৩-১৮৬৪**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব অরুন চক্রবর্তী, পিতা মৃত অনিল চক্রবর্তী, মাতা মৃত বকুল চক্রবর্তী, পড়শী ২২৫/সি, আবাসিক এলাকা, কেওয়াপাড়া, মীরের ময়দান, জেলা সিলেট এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিলেট জেলার সিটি কর্পোরেশনের ১০ ও ১৯ নং ওয়ার্ডের জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

**আদেশ**

তারিখ, ৩১ ডিসেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-৭৩/৭৮/১৮৭৩**—আদিষ্ট হইয়া জানাইতেছি যে, সরকার মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯

(সংশোধিত বিধিমালা, ২০১৩) এর ৬ক বিধি মোতাবেক জনাব মোঃ আবুল হাছান মাহমুদ, পিতা মোঃ আব্দুস ছালাম, গ্রাম দীঘিরপাড়, ডাকঘর দীঘিরপাড়, উপজেলা মুরাদনগর, জেলা কুমিল্লা কে কোন আদালতে কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না, এই শর্তে কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলার ৭নং বাঙ্গরা পশ্চিম ইউনিয়নের অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করিলেন।

২। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিধি মোতাবেক দরখাস্ত আহ্বানপূর্বক অবিলম্বে স্থায়ী নিয়োগের প্যানেল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। ইতোমধ্যে সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবেঃ

৪। পরবর্তীতে বিধি মোতাবেক স্থায়ী নিয়োগ হওয়ার সাথে সাথে অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

এই আদেশ কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না।

**আল আসাদ মোঃ আসিফুজ্জামান**
সিনিয়র সহকারী সচিব।

---

**পরিবেশ ও বন মন্ত্রণালয়**
**বন শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩ পৌষ ১৪২০/১৭ ডিসেম্বর ২০১৩

**নং পবম/ব: শা-৩/ব্যক্তি-১২/২০১৩/৫১১**—যেহেতু, জনাব এ কে এম সাইদুর রহমান ভূইয়া, প্রাক্তন বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, ফরিদপুর এর বিরুদ্ধে কর্মরত থাকাকালীন সময়ে ট্রিফার্মিং ফান্ড (TFF) এর ১৭,০৬,২০০ টাকা আত্মসাৎ করা এবং বিধি বহির্ভূতভাবে ০৪ জন বাগানমালী নিয়োগ করার অভিযোগে অবসর গ্রহণের প্রায় ০৭ মাস পর বিভাগীয় মামলা রুজু করা হয়;

২। যেহেতু, জনাব মোঃ সাইদুর রহমান ভূঁইয়া, সহকারী বন সংরক্ষক বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ ফরিদপুর এর বিরুদ্ধে অবসর গ্রহণের প্রায় ০৭ মাস পর মন্ত্রণালয় কর্তৃক বিভাগীয় মামলা রুজু করার পর পদ্ধতিগত কারণে শাস্তি আরোপ করার সুযোগ না থাকায় মামলাটির কার্যকারিতা ইতি টানা হয়। পরবর্তীতে মন্ত্রণালয়ের ২১-৩-২০০৭ তারিখে পবম/শা-২(বন)৪১/২০০৩/২৭৯ স্মারকের মাধ্যমে উক্ত ১৭,০৬,২০০ টাকা অভিযুক্ত কর্মকর্তার নিকট হতে আদায় না করা পর্যন্ত তাঁর পেনশন বন্ধ রাখা হয়। পরবর্তীতে অভিযুক্ত কর্মকর্তা উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে প্রশাসনিক ট্রাইব্যুনালে ৪১/২০০৮ মামলা দায়ের করেন। মামলাটির রায় সরকারের প্রতিকূলে ঘোষিত হয়। অতঃপর সরকার ঘোষিত রায়ের বিরুদ্ধে প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে ৯৫/২০১০ আপীল দায়ের করে গত ১১-১১-২০১২ তারিখে প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল এর মামলার রায় সরকারের প্রতিকূলে ঘোষিত হয় এবং সরকার কর্তৃক উক্ত রায়ের বিষয়ে লিভ-টু-আপীল দায়ের না করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৩। সেহেতু, বিজ্ঞ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালের চূড়ান্ত আদেশের ভিত্তিতে জনাব এ কে এম সাইদুর রহমান ভূঁইয়া, প্রাক্তন বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, ফরিদপুর এর বিরুদ্ধে ২১-০৩-২০০৭ তারিখে পবম/শা-২(বন)৪১/২০০৩/২৭৯ নং স্মারক মূলে টি ফার্মিং ফান্ড (TFF) এর ১৭,০৬,২০০ টাকা আদায়ের সিদ্ধান্ত বাতিল করা হলো। পেনশন ও আনুতোষিক প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এই সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র প্রধান বন সংরক্ষক প্রেরণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শফিকুর রহমান পাটোয়ারী**
সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০১ পৌষ ১৪২০/১৫ ডিসেম্বর ২০১৩

**নং ৩১.০০.০০০০.০৩৬.২৭.০২৯.১৩-৪৮১**—যেহেতু, জনাব মোঃ নিজাম উদ্দিন, উপসহকারী সেটেলমেন্ট অফিসার, রায়পুর, লক্ষ্মীপুর, নোয়াখালী জোন, বিনা অনুমতিতে ২৪-০৪-২০১১ থেকে ০৭-০৫-২০১১ তারিখ পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃংঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক "অসদাচরণ" (Misconduct) এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ৩০-০৯-২০১৩ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন এবং গত ১২-১১-২০১৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; ব্যক্তিগত শুনানীকালে কর্মস্থলে অনুপস্থিতিকালের অসুস্থতা সম্পর্কিত চিকিৎসা পরামর্শপত্র দেখা গেল। তিনি তার অসুস্থতার কথা যথাসময়ে কর্তৃপক্ষকে অবহিত করতে পারেননি মর্মে জানান। সার্বিক বিষয় বিবেচনায় এ আচরণে চাকুরীর শৃঙ্খলা বিঘ্নিত হয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় তার বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ প্রমাণিত।

সেহেতু, এক্ষণে, জনাব মোঃ নিজাম উদ্দিন, উপসহকারী সেটেলমেন্ট অফিসার, রায়পুর, লক্ষ্মীপুর, নোয়াখালী জোন-কে অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত করে ১ম বারের মত বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি মোতাবেক তিরস্কার করা হলো। তার কর্মস্থলে অনুপস্থিত থাকার সময়কালকে ছুটি প্রাপ্যতা সাপেক্ষে অর্জিত ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পুন্যব্রত চৌধুরী**
যুগ্ম-সচিব (উন্নয়ন)।

---

**প্রজ্ঞাপন**

তারিখ, ০১ পৌষ ১৪২০/১৫ ডিসেম্বর ২০১৩

**নং ৩১.০০.০০০০.০৩৬.২৭.০০৬.১২-৪৮২**—যেহেতু, জনাব গাজী মনিরুজ্জামান, সহকারী সেটেলমেন্ট অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা, ফরিদপুর জোনে মুকসুদপুর উপজেলায় উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার হিসেবে কর্মরত তসদিক অফিসার হিসেবে দায়িত্ব পালনকালে ১০৩ নম্বর বাটিকামারী মৌজার ০.০৬৮২ একর অর্পিত তালিকাভুক্ত সরকারি সম্পত্তি অসৎ উদ্দেশ্যে দুর্নীতির আশ্রয় গ্রহণ করে ব্যক্তিমালিকানায় রেকর্ড প্রদান করার অভিযোগে সরকারি

কর্মচারী (শৃংঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" (Misconduct) এবং "দুর্নীতির" (Corruption) এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ২৯-০২-২০১২ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন এবং গত ২০-১১-২০১৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; ব্যক্তিগত শুনানীকালে তিনি চাকুরীতে নতুন বিধায় ভুলক্রমে তিনি কাজটি করেছেন বলে দাবী করেন এবং ক্ষমা চান। সব কিছু বিবেচনা করে তার বিরুদ্ধে আনিত অভিযোগ প্রমাণীত হওয়ায় এবং তার লিখিত ও মৌখিক বক্তব্য গ্রহণযোগ্য না হওয়ায় তাকে লঘুদন্ডে দন্ডিত করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, এক্ষণে, জনাব গাজী মনিরুজ্জামান, সহকারী সেটেলমেন্ট অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের দায়ে দোষী সাব্যস্তক্রমে লঘুদন্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করা হলো এবং উক্ত বিধির ৪(২)(বি) বিধি মোতাবেক বার্ষিক বেতন বৃদ্ধি ২ (দুই) বছরের জন্য স্থগিত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোখলেছুর রহমান**
সচিব।

---

**জরিপ শাখা-২ (অপারেশন)**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ, ০৩ পৌষ ১৪২০/১৭ ডিসেম্বর ২০১৩

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.১৫৫.২০১০-৩৪৩**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

**তফসিল**

| ক্রমিক | মৌজার নাম | জে, এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | রামপুর | ৪৭ | চকোরিয়া | কক্সবাজার |
| (২) | ধলঘাটা | ০২ | মহেশখালী | কক্সবাজার |
| (৩) | ঘটিভাংগা | ১৮ | মহেশখালী | কক্সবাজার |
| (৪) | জাহাজমারা | ৬২ | হাতিয়া | নোয়াখালী |

তারিখ, ১০ পৌষ ১৪২০/২৪ ডিসেম্বর ২০১৩

**নং ভূঃম শা-২/আপত্তি-১৫/২০০৫-৩৫৭**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভূক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

**তফসিল**

| ক্রমিক | মৌজার নাম | জে, এল, নং | থানার নাম | জেলার নাম | খতিয়ান নং |
|---|---|---|---|---|---|
| (১) | রাজাবাজার | ০৩ | তেজগাঁও | ঢাকা | ৫১৬, ৮৬৩, ১০৬২, ১৩১১, ১৪০২, ১৪৭৪, ১৪৭৬, ১৪৭৮ এবং ১৪৮৪ |

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.১৮৯.২০১০-৩৬০**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

**তফসিল**

| ক্রমিক | মৌজার নাম | জে, এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | ব্রহ্মোত্তর পতিঙ্গালী | ৫২ | যশোর সদর | যশোর |
| (২) | শরণপুর | ০১ | মণিরামপুর | যশোর |
| (৩) | মামুদকাটি | ৫৩ | মণিরামপুর | যশোর |
| (৪) | মধুপুর | ১০৪ | মণিরামপুর | যশোর |
| (৫) | কাজিরগাঁও | ১০৮ | মণিরামপুর | যশোর |
| (৬) | ধলীগাতি | ১৬১ | মণিরামপুর | যশোর |
| (৭) | ভরতপুর | ১৭৬ | মণিরামপুর | যশোর |
| (৮) | নগরঘোপ | ২১২ | মণিরামপুর | যশোর |
| (৯) | দূর্গাপুর | ২১৩ | মণিরামপুর | যশোর |

| ক্রমিক | মৌজার নাম | জে, এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১০) | পার শ্রীরামপুর | ২০ | কালীগঞ্জ | ঝিনাইদহ |
| (১১) | মেগুর খিরদা | ৭৬ | কালীগঞ্জ | ঝিনাইদহ |
| (১২) | ডাউটি (বোরা) | ১০০ | কালীগঞ্জ | ঝিনাইদহ |
| (১৩) | ত্রিবেনী | ০১ | শৈলকূপা | ঝিনাইদহ |
| (১৪) | পীড়াগাতি | ১৫৭ | শৈলকূপা | ঝিনাইদহ |
| (১৫) | গাঙ্গুটিয়া | ১৭৮ | শৈলকূপা | ঝিনাইদহ |
| (১৬) | হামিরহাটী | ৬৬ | হরিণাকুন্ডু | ঝিনাইদহ |
| (১৭) | লক্ষীকান্দর | ৩৭ | মাগুরা সদর | মাগুরা |
| (১৮) | সাংদা লক্ষীপুর | ৯১ | মাগুরা সদর | মাগুরা |
| (১৯) | বাষুদেবপুর | ৯৫ | মাগুরা সদর | মাগুরা |
| (২০) | দক্ষিণ মৃজাপুর | ১০০ | মাগুরা সদর | মাগুরা |
| (২১) | মাঝগ্রাম | ১২৯ | মাগুরা সদর | মাগুরা |
| (২২) | বড়রিয়াগোপালপুর | ৮৬ | মহম্মদপুর | মাগুরা |
| (২৩) | ধাওয়া সীমা | ৭৫ | সালিখা | মাগুরা |
| (২৪) | হাড়িঘড়া | ৩৪ | নড়াইল সদর | নড়াইল |
| (২৫) | পাইকড়া | ১০১ | নড়াইল সদর | নড়াইল |
| (২৬) | চন্ডীতলা | ১০২ | নড়াইল সদর | নড়াইল |
| (২৭) | শ্রীফলতলা | ১০৪ | নড়াইল সদর | নড়াইল |
| (২৮) | যদুনাথপুর | ১৩০ | নড়াইল সদর | নড়াইল |
| (২৯) | ঘোষপুর | ১৩৮ | নড়াইল সদর | নড়াইল |
| (৩০) | শঙ্করপুর | ১৪৫ | নড়াইল সদর | নড়াইল |
| (৩১) | লোহারগাতী | ৫৭ | কালিয়া | নড়াইল |
| (৩২) | তালবাড়ীয়া | ৭৬ | কালিয়া | নড়াইল |
| (৩৩) | চর-কেকানিয়া | ৯৯ | কালিয়া | নড়াইল |
| (৩৪) | আরজি টগরবন্দ | ৭৮ | লোহাগড়া | নড়াইল |

তারিখ, ১২ পৌষ ১৪২০/২৬ ডিসেম্বর ২০১৩

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.০৭৯.২০১০-৩৬১**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

**তফসিল**

| ক্রমিক | মৌজার নাম | জে, এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | ঠেঙ্গারবাড়ী | ৪৬ | ডামুড্যা | শরীয়তপুর |
| (২) | জয়ালু | ৫৮ | ডামুড্যা | শরীয়তপুর |
| (৩) | দিগসুল | ৫৯ | ডামুড্যা | শরীয়তপুর |
| (৪) | রামশীল মুশুরিয়া | ১৯ | কোটালীপাড়া | গোপালগঞ্জ |
| (৫) | রামশীল কাফুলা বাড়ী | ২৩ | কোটালীপাড়া | গোপালগঞ্জ |
| (৬) | বরুয়া | ০৭ | কোটালীপাড়া | গোপালগঞ্জ |
| (৭) | রামশীল পলোটানা | ১৮ | কোটালীপাড়া | গোপালগঞ্জ |
| (৮) | তিতাগ্রাম | ৬১ | কাশিয়ানী | গোপালগঞ্জ |
| (৯) | তেঁতুলিয়া | ১৩৫ | কাশিয়ানী | গোপালগঞ্জ |
| (১০) | ঘোনাপাড়া | ৯০ | কাশিয়ানী | গোপালগঞ্জ |
| (১১) | বিলপবনিয়া | ৪৯ | কাশিয়ানী | গোপালগঞ্জ |
| (১২) | মজিদ বাড়ী | ৪২ | কালকিনি | মাদারীপুর |
| (১৩) | কোরকী চর | ১৪২ | কালকিনি | মাদারীপুর |
| (১৪) | অশ্বপতিদী | ২৩৫ | নগরকান্দা | ফরিদপুর |
| (১৫) | ইউছুবদিয়া | ৭৭ | নগরকান্দা | ফরিদপুর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কানিজ মওলা**
সিনিয়র সহকারী সচিব।

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৩ পৌষ ১৪২০/১৭ ডিসেম্বর ২০১৩

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-৩১/২০১২/২৮৪**—যেহেতু, জনাব আবু সাঈদ মোঃ রমজান আলী, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার (ইউআরসি), দেবীগঞ্জ, পঞ্চগড় (প্রাক্তন ইন্সট্রাক্টর, ইউআরসি, সদর, কুড়িগ্রাম)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) উপ-বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে ০৪ জুন, ২০১২ তারিখের প্রাগম/তঃশৃঃ/বিমা-৩১/২০১২/২৮৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, ব্যক্তিগত শুনানী শেষে বিভাগীয় মামলাটি তদন্তের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক বেকর্ডপত্রাদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক লঘুদন্ড প্রদান করা সমীচীন হবে বলে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব আবু সাঈদ মোঃ রমজান আলী, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার (ইউআরসি), দেবীগঞ্জ, পঞ্চগড় (প্রাক্তন ইন্সট্রাক্টর, ইউআরসি, সদর, কুড়িগ্রাম)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) উপবিধি মোতাবেক "তিরস্কার" লঘুদন্ড প্রদান করা হ'ল এবং ভবিষ্যতে তাঁকে সতর্কভাবে দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হ'ল।

তারিখ, ০৫ পৌষ ১৪২০/১৯ ডিসেম্বর ২০১৩

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-২০/২০১৩/২৮৬**—যেহেতু, জনাব মোঃ হোসেন আলী, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), জয়পুরহাট-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) এবং ৩(বি) উপ-বিধি মোতাবেক অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে ০৪ নভেম্বর, ২০১৩ তারিখের প্রাগম/তঃশৃঃ/বিমা-২০/২০১৩/২৪৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং প্রাশংগিক বেকর্ডপত্রাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা চলার মত উপযুক্ত ভিত্তি নেই;

সেহেতু, জনাব মোঃ হোসেন আলী, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), জয়পুরহাট-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(এ) উপ-বিধি মোতাবেক বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হ'ল।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী আখতার হোসেন**
সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**হাসপাতাল-০৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ ডিসেম্বর ২০১৩

**নং স্বাপকম/হাস-৩/ক্লিনিক-০৫/৯৩(অংশ-১)/৫০৪**—বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি ১৯৭৩ সালের রাষ্ট্রপতির আদেশ নং-২৬ এর ৯ (বি)(১)-এর প্রদত্ত ক্ষমতাবলে নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে এডহক ম্যানেজিং বোর্ড গঠন করা হইল:

**ভাইস-চেয়ারম্যান**

(১) জনাব হাফিজ আহমেদ মজুমদার এম.পি (সদস্য ও ডেলিগেট, সিলেট রেড ক্রিসেন্ট ইউনিট)

**ট্রেজারার**

(২) এডভোকেট তৌহিদুর রহমান (সদস্য ও ডেলিগেট, যশোর রেড ক্রিসেন্ট ইউনিট)

**সদস্যবৃন্দ**

(৩) জনাব তালুকদার আব্দুল খালেক (ভাইস চেয়ারম্যান ও ডেলিগেট, খুলনা সিটি ইউনিট)

(৪) আলহাজ্ব অধ্যক্ষ আফজাল খাঁন, এডভোকেট (ভাইস চেয়ারম্যান, কুমিল্লা রেড ক্রিসেন্ট ইউনিট)

(৫) ডাঃ হাবিবে মিল্লাত (সদস্য ও ডেলিগেট, সিরাজগঞ্জ রেড ক্রিসেন্ট ইউনিট)

(৬) জনাব মোঃ আসগর আলী (সেক্রেটারী ও ডেলিগেট, কুষ্টিয়া রেড ক্রিসেন্ট ইউনিট)

(৭) এডভোকেট খন্দকার একরামুল হক হীরা (সেক্রেটারী ও ডেলিগেট, মেহেরপুর রেড ক্রিসেন্ট ইউনিট)

(৮) রেহেনা আশিকুর রহমান (ভাইস চেয়ারম্যান ও ডেলিগেট, রংপুর রেড ক্রিসেন্ট ইউনিট)

(৯) জনাব লুৎফর রহমান চৌধুরী হেলাল (সেক্রেটারী ও ডেলিগেট, কিশোরগঞ্জ রেড ক্রিসেন্ট ইউনিট)

(১০) আলহাজ্ব মোঃ আবুল বাসার (ভাইস চেয়ারম্যান ও ডেলিগেট, ঢাকা সিটি রেড ক্রিসেন্ট ইউনিট)

(১১) জনাব শেখ রইসুল আলম ময়না (সদস্য ও ডেলিগেট, বান্দরবান রেড ক্রিসেন্ট ইউনিট)

(১২) জনাব কবির উদ্দিন আহমেদ (সদস্য ও ডেলিগেট, মুন্সীগঞ্জ রেড ক্রিসেন্ট ইউনিট)

(১৩) জনাব ইকবাল হোসেন ফোরকান (ভাইস চেয়ারম্যান ও ডেলিগেট, বরিশাল রেড ক্রিসেন্ট ইউনিট)

(১৪) জনাব মোঃ নাজমুল হাসান চৌধুরী (সদস্য, গাজীপুর রেড ক্রিসেন্ট ইউনিট)

২। বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি এডহক ম্যানেজিং বোর্ডের মেয়াদ ০১ জানুয়ারি, ২০১৪ তারিখ হতে পরবর্তী ৩ (তিন) মাস হইবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদিত ও জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নুরুন্নাহার**
সিনিয়র সহকারী সচিব।

**বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়**
**মানব সম্পদ শাখা-১**

**শোক প্রস্তাব**

তারিখ, ১৮ চৈত্র ১৪২০/০১ এপ্রিল ২০১৪

**নং ১১.৩২১.০৪৫.৪২.০০.০৩৫.২০১১-২০২**—জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী সচিব জনাব মোঃ মাহবুবুর রহমান গত ১৯-০৩-২০১৪ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ০৬:২০ ঘটিকায় কিডনিজনিত রোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

২। মরহুম মোঃ মাহবুবুর রহমান ১৯৫৮ সালের ১০ অক্টোবর বরিশাল জেলার গ্রাম: শোলনা, ডাকঘর: শোলনা, উপজেলা: বরিশাল সদরে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। ০১লা জানুয়ারি ১৯৭৮ তারিখ সরকারি চাকুরিতে যোগদান করে সংসদ সচিবালয়ের বিভিন্ন শাখায় কর্মরত ছিলেন। তিনি ২০ নভেম্বর ২০০৬ তারিখে সহকারী সচিব পদে পদোন্নতি লাভ করেন।

৩। মরহুম মোঃ মাহবুবুর রহমান একজন সৎ, কর্তব্যপরায়ণ ও নিষ্ঠাবান কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক পুত্র, দুই কন্যা সন্তানসহ অসংখ্য আত্মীয়-স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন।

৪। জাতীয় সংসদের মাননীয় স্পীকার, মাননীয় ডেপুটি স্পীকার, মাননীয় সংসদ উপনেতা, মাননীয় চীফ হুইপসহ হুইপবৃন্দ ও জাতীয় সংসদ সচিবালয়ের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ মরহুম মোঃ মাহবুবুর রহমান এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর রুহের মাগফিরাত কামনা করছে এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

**মোঃ আশরাফুল মকবুল**
সিনিয়র সচিব।